দৈনিক বাংলা

তারিখ 04 OCT 1992
পৃষ্ঠা ৮ কলাম ৫

# ভবিষ্যতের চ্যালেঞ্জ মোকাবিলায় শিশুকে শিক্ষা দিন : প্রেসিডেন্ট

বাংলাদেশ কিণ্ডার গার্টেন সমিতির ১০ সদস্যের একটি প্রতিনিধিদল শনিবার বঙ্গভবনে প্রেসিডেন্ট আবদুর রহমান বিশ্বাসের সঙ্গে এক সাক্ষাৎকারে মিলিত হন। খবর বাসস'র।

সমিতির প্রেসিডেন্ট এবিএম শামসুদ্দীনের নেতৃত্বে প্রতিনিধিদল প্রেসিডেন্টকে তাদের বিভিন্ন সমস্যা অবহিত করেন। প্রেসিডেন্ট বিশ্বাস ধৈর্য ধরে তাদের বক্তব্য শ্রবণ করেন এবং তাদের সমস্যা বিবেচনার আশ্বাস দেন।

প্রতিনিধিদলের সঙ্গে আলোচনাকালে প্রেসিডেন্ট বলেন, ভবিষ্যতের চ্যালেঞ্জ মোকাবিলায় শিশুদের সঠিকভাবে শিক্ষিত করে তুলতে হবে।

তিনি বলেন, প্রাথমিক পর্যায়েই শিশুদের জ্ঞানের ভিত স্থাপন করতে হবে। তা হলেই তারা সুশৃঙ্খল জীবন পরিচালনায় সক্ষম হবে।

উপযুক্ত জ্ঞান আহরণে শিশুদের নিষ্ঠার সঙ্গে শিক্ষাদানের জন্য প্রেসিডেন্ট বিশ্বাস শিক্ষক সমাজের প্রতি তাঁদের পবিত্র দায়িত্ব পালনে এগিয়ে আসার আহবান জানান।